শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

বিষয় ঃ **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ মোঃ সাইফুর রহমান
প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
তারিখ ঃ ২৬/০৯/২০২০
সময় ঃ সকাল ১১:০০ টা
স্থান ঃ ভার্চুয়াল (জুম অ্যাপস) মাধ্যম।

সভার আলোচনা ঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক ভার্চুয়াল (জুম) সভাটি আয়োজন করা হয়েছে। রাষ্ট্রের সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতি দমন ও শুদ্ধাচার প্রতিপালন একটি অপরিহার্য কৌশল। শুদ্ধাচার কৌশলপত্র যথাযথভাবে প্রণয়ন ও সঠিক বাস্তবায়ন দেশের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বর্তমান গণতান্ত্রিক সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র প্রণয়ন করেছেন। দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি প্রয়োগের মাধ্যমে ইতোমধ্যে অধিদপ্তর সুশাসন প্রতিষ্ঠায় অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। এর ফলে শুদ্ধাচার চর্চার কলেবর দ্রুত বৃদ্ধি পাচ্ছে। অধিদপ্তরের আওতাধীন কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে শতভাগ আন্তরিক হয়ে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠায় সহায়ক ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান।

২০২০-২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি এ পর্যায়ে উক্ত কর্মপরিকল্পনা মোতাবেক সকলকে তাদের নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য আহ্বান জানান।

উপস্থাপিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল প্রতিবেদন (১ম কোয়ার্টার) প্রেরণ। | যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ফোকাল পারসন |
| ২ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন। | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। | স্ব-স্ব তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ স্ব-স্ব নির্বাহী প্রকৌশলী |
| ৩ | বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী প্রশিক্ষণ |
| ৪ | ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করতে হবে। | প্রোগ্রামার MIS/GIS |
| ৫ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিস্পত্তিকরণ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিস্পত্তি করতে হবে। | প্রকল্প পরিচালক, পুকুর পুন:খনন প্রকল্প |
| ৬ | অধিদপ্তর কতৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | প্রকল্প পরিচালক যথারীতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ করবেন | প্রকল্প পরিচালকগণ |

পরিশেষে সভাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সুখী-সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

30/9/2020
(মো: সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী (চ:দা:)

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৯.১২৪ (অংশ-১৪).১৬- ২২২০(১০০) তারিখ -৩০ / ০৭ /২০২০ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ................................সার্কেল, .........................।
৩। প্রকল্প পরিচালক, ......................................................................প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, .................................বিভাগ................................।
৫। প্রোগ্রামার, এম,আই,এস ইউনিট/জি,আই,এস, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।
৬। সংস্থাপন শাখা, অত্র কার্যালয় ঢাকা।

30/7

(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী (চঃদাঃ)